যুগান্তর

12 FEB 2017

# ফুলবাড়ীয়ায় এক বিষয়ে প্রস্তুতি অন্য বিষয়ে পরীক্ষা

## মাদ্রাসা কার্যালয়ে শিক্ষার্থীদের তালা

**ফুলবাড়ীয়া (ময়মনসিংহ) প্রতিনিধি**

ফুলবাড়ীয়া উপজেলার আন্ধারিয়াপাড়া বিডিএস দাখিল মাদ্রাসার পরীক্ষার্থীর ফরম পূরণে ভুল করায় অন্য বিষয়ে পরীক্ষা দিয়েছে ৪৪ পরীক্ষার্থী। এ নিয়ে মাদ্রাসার শিক্ষার্থী ও অভিভাবকের মধ্যে উত্তেজনা বিরাজ করছে। শনিবার বিক্ষুব্ধরা মাদ্রাসার অফিস কক্ষে তালা ঝুলিয়ে দিয়েছে। উপজেলার বিডিএস দাখিল মাদ্রাসা থেকে এবার পরীক্ষায় ৪৪ জন অংশগ্রহণ করেছে। ফরম পূরণের সময় মাদ্রাসার সুপার ভুল করে বাংলাদেশ ও বিশ্ব পরিচয় বিষয়ের কোডের পরিবর্তে শারীরিক শিক্ষা বিষয়ের কোর্ড বসিয়ে দেন। বৃহস্পতিবার পরীক্ষা দেয়ার সময় বাংলাদেশ ও বিশ্ব পরিচয়ের বদলে শারীরিক শিক্ষার প্রশ্নপত্র দেয়া হলে শিক্ষার্থীরা কান্নায় ভেঙে পড়ে। অভিভাবকদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়। শনিবার মাদ্রাসা খুলার পর পরীক্ষার্থী ও অভিভাবকরা মাদ্রাসায় জড়ো হয়ে ক্ষোভ প্রকাশ করে অফিস কক্ষে তালা ঝুলিয়ে দেয়। এ ব্যাপারে পরীক্ষার্থী দুলেনা আক্তারের পিতা দুলাল মিয়া জানান, তিনি ক্ষুদ্র ব্যবসায়ী, অতি কষ্টে ৩ সন্তানকে লেখাপড়া করাচ্ছেন।